

# এনএইচএস ডেন্টাল কেয়ার খুঁজে পাওয়ার 3 টি উপায়

আপনি 3 টি উপায়ে এনএইচএস ডেন্টাল কেয়ার খুঁজে পেতে পারেন...

## 1. একজন এনএইচএস ডেন্টিস্টের সাথে যোগাযোগ করুন

চেষ্টা করার প্রথম জায়গা হলো একজন এনএইচএস ডেন্টিস্ট। তারা তাদের স্বাভাবিক কাজের সময় রুটিন যত্ন এবং জরুরি যত্নের এপোয়েন্টমেন্ট প্রদান করেন।

আপনার যদি একজন ডেন্টিস্ট তথা দাঁতের ডাক্তার থাকে তবে আপনার উচিত তার সাথে নিয়মিত যোগাযোগ করা অথবা আপনি nhs.co.uk/service-search/find-a-dentist সাইটে এনএইচএস ডেন্টিস্টের সন্ধান করতে পারেন।

## 2. একটি জরুরি ডেন্টাল এক্সেস সেন্টারে এপোয়েন্টমেন্ট বুক করুন

জরুরি ডেন্টাল এক্সেস সেন্টারগুলি জরুরি সমস্যাগুলি নির্ণয় এবং চিকিৎসা করার জন্য বা আপনি উদ্বিগ্ন হতে পারেন এমন দশাগুলি মোকাবেলা করার জন্য এপোয়েন্টমেন্ট প্রদান করে। তারা চেক-আপের মতো রুটিন ডেন্টাল কেয়ার প্রদান করেন না।

**আপনি একটি জরুরি ডেন্টাল এক্সেস সেন্টার ব্যবহার করতে পারেন যদি:**

- আপনি বর্তমানে কোনও এনএইচএস ডেন্টিস্টের কাছ থেকে চলমান চিকিৎসা না পেয়ে থাকেন
- আপনি এনএইচএস ডেন্টিস্টের কাছে জরুরি এপোয়েন্টমেন্ট পাচ্ছেন না এমন হয়

শিশু এবং প্রাপ্তবয়স্করা জরুরি ডেন্টাল এক্সেস সেন্টার ব্যবহার করতে পারেন।

আপনি এখানে আপনার নিজের এপোয়েন্টমেন্ট বুক করতে পারেন: https://northeastnorthcumbria.nhs.uk/here-to-help-you/nhs-dentistry

স্বাভাবিক এনএইচএস চার্জ এবং অব্যাহতি প্রযোজ্য।

জরুরি ডেন্টাল এক্সেস সেন্টারগুলি সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সীমিত সংখ্যক জরুরি এপোয়েন্টমেন্ট প্রদান করে, তাই আপনার জরুরি যত্নের প্রয়োজন হয় এবং আপনি অবশ্যই যদি আপনার এপোয়েন্টমেন্টে হাজির হন তাহলেই কেবল বুক করুন। আপনি যদি আপনার এপোয়েন্টমেন্টে না যান তবে এর অর্থ জরুরি দাঁতের সমস্যাযুক্ত অন্য কেউ সহায়তা পেতে সক্ষম হবে না।

## 3. এনএইচএস 111 এর সাথে যোগাযোগ করুন

আপনি যদি এনএইচএস ডেন্টিস্ট বা জরুরি ডেন্টাল এক্সেস সেন্টারের সাথে জরুরি এপোয়েন্টমেন্ট না পান তবে আপনার 111.nhs.uk সাথে যোগাযোগ করা উচিত অথবা 111 নম্বরে কল করা উচিত।

এনএইচএস 111 স্বাস্থ্য উপদেষ্টা আপনার প্রয়োজনীয়তা সম্পর্কে আপনার সাথে কথা বলবেন।

আপনার যদি এখনই সাহায্যের প্রয়োজন না হয় তবে আপনি এপোয়েন্টমেন্ট না পাওয়া পর্যন্ত কীভাবে সমস্যাটি নিজেরাই চিকিৎসা করবেন সে সম্পর্কে আমরা পরামর্শ দিতে পারি।

আপনার যদি জরুরি সাহায্যের প্রয়োজন হয় তবে আমরা কাজের স্বাভাবিক সময়ে একটি জরুরি ডেন্টাল এক্সেস সেন্টারে অথবা আউট-অফ-আওয়ার্স চিকিৎসা সার্ভিসে আপনার জন্য একটি এপোয়েন্টমেন্ট খুঁজে পেতে সক্ষম হতে পারি।

বেশিরভাগ সাধারণ হাসপাতালে দাঁতের ব্যথার জন্য অন-কল সার্ভিস নেই, তাই আপনার জরুরি দাঁতের যত্নের জন্য 111.nhs.uk বা 111 নম্বরে কল করা উচিত।

আপনার কেবল এঅ্যান্ডই-এ যেতে হবে বা ৭৭৭ নম্বরে কল করা উচিত যদি:

- আপনার মুখমণ্ডল, মুখ, চোয়াল বা দাঁতে গুরুতর জখম হয়
- আপনার মুখ থেকে প্রচণ্ড রক্তপাত হয় যা থামছে না
- আপনার মুখ, ঠোঁট, গলা বা ঘাড়ের মারাত্মক ফোলাভাব এবং আপনার শ্বাস নিতে বা একটি কিংবা উভয় চোখ খুলতে কষ্ট হয়

- আপনার মাথা বা মুখের যেকোন জখম যা আপনার চেতনা হারানোর কারণ হয়েছে, বমিভাব বা দ্বৈত দৃষ্টির কারণ হয়েছে

## আপনার কখন জরুরি ডেন্টাল এপোয়েন্টমেন্টের জন্য জিজ্ঞাসা করা উচিত?

আপনার একটি জরুরি ডেন্টাল এপোয়েন্টমেন্ট করা উচিত যদি আপনার:

- দাঁতের ব্যথা এতটাই খারাপ হয় যে এটি এমন ব্যথা সৃষ্টি করে যা ওভার-দ্য-কাউন্টার ব্যথা উপশমক ঔষধ খেয়েও সারে না বা স্বাচ্ছন্দ্য দেয় না
- মুখমণ্ডল বা মুখে ফোলাভাব, যেমন ফোড়া বা ইনফেকশন, যা ব্যথা বা জ্বর সৃষ্টি করে
- ভাঙা বা ছিটকে পড়া দাঁত
- দাঁতের প্রসিজিওর অথবা জখমের পরে মুখে রক্তপাত যা নিজে থেকে বন্ধ হয় না। যদি রক্তপাত নিয়ন্ত্রণ করা না যায় তবে আপনার জরুরি যত্নের প্রয়োজন হতে পারে
- আলগা হয়ে যাওয়া বা ভাঙা ফিলিং যা ব্যথা সৃষ্টি করে
- মাড়ি থেকে প্রচণ্ড রক্তক্ষরণ
- গাল বা জিহ্বার মতো মুখের নরম অঞ্চলগুলির সমস্যা

জরুরি এপোয়েন্টমেন্টেরও বন্দোবস্ত রয়েছে যদি আপনি উদ্বিগ্ন হন:

- ব্যথা যা দূর হচ্ছে না তবে ওভার-দ্য-কাউন্টার ব্যথা উপশমক ঔষধ খেয়ে কিছুটা আরাম বোধ করেন
- ছোটখাটো জখম যেমন দাঁতের একটি টুকরো ভেঙে যায়
- আলগা বা স্থানচ্যুত ক্রাউন, ব্রিজ, ভেনিয়ার, পোস্ট এবং ফিলিং যা ব্যথা সৃষ্টি করে না
- আলগা বা ভাঙা দাঁত
- মাড়ি থেকে রক্তপাত

কোডটি স্ক্যান করুন বা ভিজিট করুন:
https://northeastnorthcumbria.nhs.uk/here-to-help-you/nhs-dentistry